# বিদ্যামন্দির প্রাক্তনীবার্তা

বত্রিশতম বর্ষ (দ্বিতীয় সংখ্যা)
আগস্ট ২০২১

**রানি রাসমণি স্মারক বক্তৃতা :**

তারিখ : ২ অক্টোবর ২০২১
সময় : সকাল ১১ টা
বিষয় : রামকৃষ্ণ ভাবান্দোলনে ভগিনী সুধীরার অবদান
বক্তা : স্বামী ঈশাত্মানন্দ
মিনিস্টার-ইন-চার্জ,
রামকৃষ্ণ বেদান্ত সোসাইটি, চিকাগো

পুনঃ এই বক্তৃতায় অংশগ্রহণের জন্য বক্তৃতার দিন সকালে সংসদের ওয়েবসাইটে লিঙ্ক দেওয়া হবে। আপনারা উক্ত তারিখ ও সময়ে ঐ লিঙ্কে ক্লিক করলেই সরাসরি মহারাজের বক্তৃতা শুনতে পাবেন।

১ আগস্ট ২০২১ কর্মসচিব



*"If the poor cannot come to education, education must go to them."* —Swami Vivekananda

## ২০২০-২০২১ বর্ষের বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি

প্রিয় সতীর্থ,

প্রাক্তনী সংসদের বার্ষিক সাধারণ সভা নিম্নসূচী অনুযায়ী অনুষ্ঠিত হবে।

তারিখ : ২ অক্টোবর ২০২১, শনিবার ; সময় : বিকেল ২টা ৩০ মিনিট ।

বিষয়সূচী : ১। গত ২.১০.২০২০-এ অনুষ্ঠিত সাধারণ সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ; ২। কর্মসচিবের বার্ষিক প্রতিবেদন : ২০২০-২১ ; ৩। ২০২০-২১ বর্ষের অডিট রিপোর্ট পেশ ও অনুমোদন ; ৪। বার্ষিক প্রতিবেদন ও অডিট রিপোর্টের বিষয়ে আলোচনা ; ৫। ২০২১-২২ বর্ষের অডিটর নিয়োগ ; ৬। কার্যনির্বাহী সমিতির পুনর্গঠন ; ৭। বিবিধ (সভাপতির অনুমোদন সাপেক্ষে)।

**করোনা পরিস্থিতির জন্য এই সভা আন্তর্জালিক মাধ্যমে অনুষ্ঠিত হবে। সংসদ সদস্যদের online-এ এই সভায় যোগদান করার জন্য অনুরোধ জানাই। সভার দিন সকালে সংসদের Website (www.alumnividyamandira.in)-এ সভার Link-দেওয়া হবে। প্রয়োজনে কর্মসচিবের সঙ্গে যোগাযোগ করতে পারেন।**

বিদ্যামন্দির, ১ আগস্ট ২০২১ —কর্মসচিব

## সম্পাদকীয়

অতিমারী পরিস্থিতিতে গত বছর থেকে 'প্রাক্তনী বার্তা' সময়মত প্রকাশ করে সদস্যদের কাছে ডাকযোগে পাঠানো বেশ কঠিন হয়ে পড়েছে। প্রেসের সঙ্গেও সাক্ষাৎ যোগাযোগ সম্ভব হচ্ছে না। তবুও সম্পাদকমন্ডলীর মাননীয় সদস্যবৃন্দ ও প্রেস কর্তৃপক্ষের সহযোগিতায় প্রথামাফিক বছরে দুটি সংখ্যা প্রকাশ করা সম্ভব হয়েছে। বিদ্যামন্দির কর্তৃপক্ষ সেগুলি ডাকযোগে আপনাদের কাছে পাঠানোর কাজে সহযোগিতার হাত বাড়িয়ে দিয়েছেন। এজন্য এঁদের সকলের কাছে কৃতজ্ঞতা প্রকাশ করছি। প্রাক্তনী সংসদের কার্যকরী সমিতির সিদ্ধান্ত অনুযায়ী 'প্রাক্তনী বার্তা'র এটিই শেষ সংখ্যা যা সদস্যদের কাছে ডাকযোগে পাঠানো হল। এ ব্যাপারে গত কয়েকটি সংখ্যাতে বিজ্ঞপ্তি দেওয়া হয়েছিল। আপনারা সকলে নিশ্চয় এ বিষয়ে অবগত আছেন। তাই আগামী বছর ২০২২ থেকে 'প্রাক্তনী বার্তা' শুধুমাত্র সংসদের ওয়েবসাইটে তুলে দেওয়া হবে। সম্ভব হলে আপনাদের ইমেলেও পাঠানো হবে। ইমেল পরিবর্তন বা পরিমার্জন করতে হলে আমাদের জানান। আর একটা অনুরোধ, প্রাক্তনীদের কোনো উল্লেখযোগ্য স্বীকৃতি বা সম্মানপ্রাপ্তির খবর থাকলে আমাদের গোচরে আনুন। প্রকাশযোগ্য ভালো সংবাদ পেলে আমরা 'প্রাক্তনী বার্তা'তে প্রকাশ করব।

আগামী ২০২১-২৪ বর্ষের জন্য সংসদের নতুন কার্যনির্বাহী সমিতি গঠিত হবে। এ কারণে এই সংখ্যার সঙ্গে মনোনয়ন ফর্ম পাঠানো হল। ইচ্ছুক সদস্যরা ফর্ম পূরণ করে ১৫ সেপ্টেম্বর, ২০২১-এর মধ্যে সংসদের অফিসে ডাকযোগে বা ইমেলে পাঠান। পরিশেষে ঠাকুর-মা-স্বামীজীকে আভূমি প্রণতি জানিয়ে সম্পাদকীয়তে ইতি টানলাম।

শ্রী সুশান্ত দে, প্রধান সম্পাদক

## প্রয়াণ বার্তা

■ রামকৃষ্ণ মঠ ও মিশনের প্রবীণতম সহ-সংঘাধ্যক্ষ পরম পূজনীয় শ্রীমৎ স্বামী বাগীশানন্দজী (সমরেশ) মহারাজ বিগত ১২ মার্চ ২০২১, শুক্রবার হৃদরোগে আক্রান্ত হয়ে রামকৃষ্ণ মিশন সেবা প্রতিষ্ঠানে দেহরক্ষা করেছেন। প্রয়াণকালে তাঁর বয়স হয়েছিল ৯১ বছর। মহারাজ প্রায় সাড়ে সাত বছর বিদ্যামন্দিরে সেবাদান করেছেন । ১৯৬০ সালে ডিগ্রী কলেজের মর্যাদাপ্রাপ্ত বিদ্যামন্দিরে বিজ্ঞান বিভাগের গবেষণাগার ও নতুন ছাত্রাবাস নির্মাণের গুরুদায়িত্ব মহারাজ সুচারুরূপে সম্পন্ন করেন। ২০১৪ সালে অন্যতম সহ-সংঘাধ্যক্ষ পদে বৃত হন পূজনীয় মহারাজ। মহারাজের আকস্মিক লোকান্তরপ্রাপ্তি তাঁর অজস্র আশ্রিত সন্তানদের মতই বিদ্যামন্দির পরিবারের কাছেও হয়েছে এক গভীর বেদনার কারণ।

■ বিগত ২৫ জানুয়ারি, ২০২১ রামকৃষ্ণ মিশন সেবা প্রতিষ্ঠানে প্রয়াত হয়েছেন পূজনীয় স্বামী উমানন্দজী (পরমেশ্বর) মহারাজ। মহারাজ ছিলেন ১৯৪৬-৪৮ শিক্ষাবর্ষের আই.এস.সি. বিভাগের প্রাক্তনী। সন্ন্যাসজীবনে মহারাজ মিশনের বেশ কয়েকটি আশ্রমে নিষ্ঠার সঙ্গে সেবাদান করেছেন।

■ বিদ্যামন্দিরের ইংরেজি বিভাগের প্রাক্তন বিভাগীয় প্রধান **সুধাংশু মোহন মৈত্র** 'কোভিড-১৯'-এ আক্রান্ত হয়ে বিগত ১৭ এপ্রিল, ২০২১ 'ফর্টিস' নার্সিংহোমে পরলোকগমন করেছেন। প্রয়াণকালে তাঁর বয়স হয়েছিল ৮২ বছর। ২ জুলাই, ১৯৬২তে বিদ্যামন্দিরে যোগদানের পর একাদিক্রমে প্রায় ৩৭ বছর সফল অধ্যাপনা শেষে ১ ফেব্রুয়ারি, ১৯৯৯তে বিদ্যামন্দির থেকে তিনি আনুষ্ঠানিক বিদায় গ্রহণ করেন। সদালাপী, মিষ্টভাষী, সুদর্শন অধ্যাপক মৈত্র প্রথাগত অধ্যাপনার বৃত্তের বাইরে গিয়ে যুক্ত থাকতেন বহুধাবিস্তৃত কর্মকান্ডে। বিদ্যামন্দিরের সাংস্কৃতিক পরিমন্ডলে বিশেষত নাটকের অভিনয় ও পরিচালনায় তাঁর অবদান আজও সকলে কৃতজ্ঞচিত্তে স্মরণ করে।

■ বিদ্যামন্দিরের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের প্রাক্তন বিভাগীয় প্রধান অধ্যাপক **অজয় কুমার মুখোপাধ্যায়** বার্ধক্যজনিত অসুস্থতায় দীর্ঘ রোগভোগের পর ২২ এপ্রিল, ২০২১ বেলুড়ে নিজের বাসভবনে প্রয়াত হয়েছেন। তিনি ১৯৬২ সালের ১ আগস্ট অধ্যাপক হিসাবে যোগদান করেন এবং নিরবচ্ছিন্নভাবে ৩৪ বছর অধ্যাপনার পর ১৯৯৬-এর ৩১ ডিসেম্বর অবসর গ্রহণ করেন। বিভাগের প্রায় প্রারম্ভিক পর্বে তাঁর বিবিধকার্য পরিচালনা ও পরে তার স্বাভাবিক বিস্তারসাধনে অজয়বাবুর অবদান উত্তরপ্রজন্মের কাছে এক অফুরন্ত প্রেরণার উৎস। শ্রেণিকক্ষে বস্তুনিষ্ঠ পাঠদানের পাশাপাশি খেলার মাঠে ও সাংস্কৃতিক কর্মকান্ডে তিনি নিজেকে যুক্ত রাখার চেষ্টা করতেন। প্রথাভিত্তিক অবসর গ্রহণের পরেও প্রতিষ্ঠানের ও বিভাগের সামগ্রিক কল্যাণচিন্তায় নিরত থাকতেন শেষ বয়সেও।

■ গভীর দুঃখের সঙ্গে জানাচ্ছি যে, বিদ্যামন্দিরের বাংলা বিভাগের প্রাক্তন বিভাগীয় প্রধান **ডঃ মহীতোষ বিশ্বাস** 'কোভিড-১৯'-এ আক্রান্ত হয়ে বিগত ১ মে, ২০২১ মধ্যমগ্রামে নিজ বাসভবনে পরলোকগমন করেছেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮২ বছর। তিনি ৯ সেপ্টেম্বর, ১৯৬৬তে বিদ্যামন্দিরে অধ্যাপক হিসাবে যোগ দেন এবং ৩৩ বছর শিক্ষাদানের পর ৩০ নভেম্বর, ১৯৯৯এ অবসর নেন। সুরসিক, সদালাপী মহীতোষবাবুর প্রকাশিত গ্রন্থের তালিকায় রয়েছে কালজয়ী উপন্যাস ('মাটি এক মায়া জানে', 'পায়ে পায়ে পথ', 'উচ্ছিন্ন পরবাস', 'বিন খংগড়ে সংগ্রাম' ইত্যাদি), গল্প সংকলন ('আমার সময় আমার গল্প'), আত্মজৈবনিক উপন্যাস ('দিন এল দিন গেল'), রসোত্তীর্ণ কবিতা সংকলন ('নির্বাচিত কবিতা'), জীবনীগ্রন্থ ('জীবনানন্দ দাশ') এবং গবেষণাগ্রন্থ ('বাংলা উপন্যাস প্রসঙ্গ : আঞ্চলিকতা')। জীবনভর সাহিত্যসাধনার স্বীকৃতি হিসাবে ২০০৯ ও ২০১০ সালে লাভ করেছেন যথাক্রমে ত্রিপুরা সরকার প্রদত্ত 'দলিত সাহিত্য সংস্কৃতি পুরস্কার' ও কলকাতা বিশ্ববিদ্যালয় প্রদত্ত 'আম্বেদকর পুরস্কার'। বিদ্যামন্দিরের সঙ্গে নাড়ির বন্ধন স্বীকার করে এসেছেন বারবার পুনর্মিলন উৎসবে, 'আধ্যাত্মিক উত্তরাধিকারের' বার্ষিক আলোচনাসভায়।

■ বিদ্যামন্দিরের শিল্প-রসায়ন বিভাগের প্রাক্তন অতিথি-অধ্যাপক **স্মরজিৎ সেন** 'কোভিড-১৯'-এ আক্রান্ত হয়ে ১৯ এপ্রিল, ২০২১ দেহরক্ষা করেছেন। তাঁর বয়স হয়েছিল ৮০ বছর। শিল্প-রসায়ন বিভাগের নির্মাণপর্বে তিনি পথিকৃতের ভূমিকায় অবতীর্ণ হয়েছিলেন। ২০০৬ সালে প্রথাগত কর্মজীবন থেকে অবসরগ্রহণ করে দীর্ঘ ১১ বছর স্মরজিৎবাবু বিদ্যামন্দিরে অধ্যাপনা করেন। তাঁর নির্দেশনাতেই বিভাগে স্নাতক স্তরের পাঠ্যক্রমে গবেষণামূলক প্রকল্পের সূত্রপাত ঘটে। ছাত্রদের শিক্ষণ ও কর্মক্ষেত্রে নিয়োগের ব্যাপারে তাঁর ঐকান্তিক প্রয়াস সকলের শ্রদ্ধা ও কৃতজ্ঞতা অর্জন করে।

■ বিদ্যামন্দিরের স্নাতকস্তর পাঠ্যক্রমের প্রথম ব্যাচের (১৯৬০-৬৩) ছাত্র **ডঃ নির্মলেন্দু শাসমল** গত ২১ এপ্রিল, ২০২১ কিডনীজনিত রোগে আক্রান্ত হয়ে পরলোকগমন করেছেন। রসায়ন বিভাগের ছাত্র শ্রী শাসমল কর্মজীবনে ছিলেন কলকাতার BKC (Brahmananda Keshab Chandra) কলেজের অধ্যাপক। ঐ কলেজ থেকেই বিভাগীয় প্রধান হিসাবে অবসর নেন। অবসরের পর তিনি স্কটিশ চার্চ কলেজের স্নাতকোত্তর বিভাগে অবৈতনিক অধ্যাপনা করেছেন ১৫ মার্চ, ২০২০ পর্যন্ত।

■ ১৯৬০-৬৩ শিক্ষাবর্ষের রসায়ন বিভাগের আর এক ছাত্র **বাণীপ্রসাদ সমাদ্দার** বিগত ১৫ মে, ২০২১ 'কোভিড-১৯'-এ আক্রান্ত হয়ে দিল্লীর লোকনায়ক জয়প্রকাশ হাসপাতালে প্রয়াত হন। স্নাতকের পর তিনি MBA ডিগ্রী লাভ করেন। কর্মজীবনে শ্রী সমাদ্দার 'বাটা ইন্ডিয়া লিমিটেড'-এর জেনারেল ম্যানেজার ছিলেন।

■ স্নাতকস্তরের প্রথম ব্যাচের বিদ্যামন্দিরের আর এক প্রাক্তনী (১৯৬০-৬৩, পদার্থবিদ্যা) **শিবপ্রসাদ সরকার** বিগত ৩১ মে, ২০২১ 'কোভিড-১৯'-এ আক্রান্ত হয়ে দুর্গাপুরে IQ City Hospital-এ শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন। শ্রী সরকার বার্ণপুর IISCO থেকে Administrative Officer হিসাবে অবসরগ্রহণ করেছিলেন।

■ বিদ্যামন্দিরের প্রাক্তনী **কৌলিক ঘোষ** (শিক্ষাবর্ষ : ১৯৯০-৯৩, ইতিহাস) বিগত ৪ মে, ২০২১ 'কোভিড-১৯'-এ আক্রান্ত হয়ে কলকাতার বেলভিউ নার্সিংহোমে প্রয়াত হয়েছেন। স্নাতকস্তরের পর তিনি সাংবাদিকতায় এম.এ. ডিগ্রী লাভ করেন এবং দীর্ঘদিন আনন্দবাজার পত্রিকার 'কাজের বাজার' বিভাগে দক্ষতার সঙ্গে কাজ করেছেন। কর্মকুশল কৌলিকের আকস্মিক প্রয়াণে আমরা শোকস্তব্ধ।

■ ডানকুনির (চণ্ডীতলা) বাসিন্দা **পিনাকী ব্যানার্জী** (শিক্ষাবর্ষ : ১৯৮৮-৯১) বিগত ২৩ মার্চ, ২০২১ এক মর্মান্তিক পথ দুর্ঘটনায় প্রাণ হারিয়েছেন। শ্রী ব্যানার্জী পোস্ট এন্ড টেলিগ্রাফ বিভাগের Assistant Director পদে কর্মরত ছিলেন।

■ বিদ্যামন্দির প্রাক্তনী **অশোক কুমার ব্যানার্জী** (শিক্ষাবর্ষ : ১৯৬৫-৬৮) বিগত ৪ এপ্রিল, ২০২১ 'কোভিড-১৯'-এ আক্রান্ত হয়ে প্রয়াত হয়েছেন। কর্মজীবনের প্রথম দিকে শ্রী ব্যানার্জী কেমিক্যাল ব্যবসার সঙ্গে যুক্ত ছিলেন। পরবর্তীকালে তাঁর কর্মজগৎ ছিল তাঁর নিজস্ব একটি পর্যটন সংস্থা।

■ ১৯৬৫-৬৮ শিক্ষাবর্ষের অর্থনীতি বিভাগের প্রাক্তনী **আশিস সরকার** বিগত ২০ এপ্রিল, ২০২১ শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন। কর্মজীবনে তিনি ছিলেন স্টেট ব্যাঙ্কের অফিসার।

■ ১৯৫৫-৫৭ শিক্ষাবর্ষের প্রাক্তনী, বিদ্যামন্দির প্রাক্তনী সংসদের কার্যনির্বাহী সমিতির ভূতপূর্ব সদস্য **তুহিন গাঙ্গুলী**, আমাদের প্রিয় তুহিনদা, গত ৬ জুন, ২০২১ শ্বাসকষ্টজনিত সমস্যায় আক্রান্ত হয়ে তাঁরই অতি প্রিয় স্বাস্থ্য সেবাকেন্দ্র বেলুড় শ্রমজীবী হাসপাতালে প্রয়াত হয়েছেন। কর্মজীবনে তিনি ছিলেন বট্যানিকাল সার্ভে অফ ইন্ডিয়ার প্রধান আলোকচিত্রী। অবসরের পরে দীর্ঘকাল তিনি নানা সমাজসেবামূলক উদ্যোগে নিজেকে খুব সক্রিয়ভাবে যুক্ত রেখেছিলেন। সরল, নিরভিমান, পরোপকারী এই মানুষটি সহজেই সকলকে আপন করে নিতে পারতেন। অনেক ব্যক্তি ও সংস্থা তাঁর নীরব বদান্যতায় উপকৃত হয়েছে। মাত্র দুমাস আগে আপন জ্যেষ্ঠ পুত্রের অকাল প্রয়াণের ব্যথা বুকে নিয়ে তিনি চিরবিদায় নিলেন। এই প্রয়াণে আমরা শোকস্তব্ধ।

■ বিদ্যামন্দিরের পদার্থবিদ্যা বিভাগের তরুণ প্রথিতযশা অধ্যাপক **ডঃ রাজেশ কর্মকার** 'কোভিড-১৯'-এ আক্রান্ত হয়ে ৯ জুন, ২০২১ রামকৃষ্ণ মিশন সেবা প্রতিষ্ঠানে পরলোকগমন করেছেন। প্রয়াণকালে তাঁর বয়স হয়েছিল ৪৬ বছর। অধ্যাপক কর্মকার ১ এপ্রিল, ২০১৫-তে বিদ্যামন্দিরে অধ্যাপক হিসাবে যোগ দেন। সরল, তথ্যনিষ্ঠ পাঠদানের জন্য ছাত্রমহলে অল্পদিনের মধ্যেই কীর্তিমান, জনপ্রিয় শিক্ষকের শিরোপা অর্জন করেছিলেন। ফলহারিণী কালীপুজোর মহানিশায় মাতৃচরণে যেন উৎসর্গীকৃত হয়ে যায় -- স্বামীজীর ভাষায় -- এক 'অনাঘ্রাত কুসুম'। রাজেশবাবুর আকস্মিক অকালপ্রয়াণে শোকস্তব্ধ বিদ্যামন্দির পরিবার।

■ গত ২৯-৬-২১ রাতে চলে গেলেন সংসদের অন্যতম আজীবন সদস্য ৭৪-৭৭এ অর্থনীতি স্নাতকের ছাত্র **সুদেব প্রামানিক**। তিনি শ্রীশ্রীমায়ের স্নেহধন্য তমলুকের রজনী প্রামানিক মহাশয়ের উত্তরপুরুষ। কর্মজীবনে পারিবারিক ব্যবসার সঙ্গে যুক্ত তিনি ছিলেন ধর্মপ্রাণ এবং শ্রীশ্রীঠাকুরের আদর্শের সবিশেষ অনুরাগী।

**আমরা এঁদের আত্মার শান্তি কামনা করি এবং পরিবার পরিজনদের জানাই আন্তরিক সমবেদনা।**

## প্রাক্তনী সংসদ সমাচার

বিদ্যামন্দির প্রাক্তনী সংসদ তার সীমিত সামর্থ্যের মধ্যে বিদ্যামন্দির ও বিদ্যামন্দিরের বাইরে সমাজসেবামূলক কর্মপ্রক্রিয়া সাফল্যের সঙ্গে চালিয়ে যাচ্ছে। নিম্নে তার একটি সংক্ষিপ্ত বিবরণ দেওয়া হলো।

**স্বাস্থ্য প্রকল্প** : বেলুড় শ্রমজীবী হাসপাতালের সহযোগিতায় প্রাক্তনী সংসদের স্বাস্থ্য প্রকল্পটি বেশ সাফল্যের সঙ্গে এগিয়ে চলেছে। গত ফেব্রুয়ারি, ২০২১এ প্রাক্তনী বার্তা প্রকাশের পর থেকে এই প্রতিবেদনটি লেখা পর্যন্ত মোট ৩৮ জন দুঃস্থ রোগীকে চিকিৎসার জন্য মোট ১৯,০০০ টাকা দেওয়া সম্ভব হয়েছে। এছাড়া বিদ্যামন্দিরের ১ জন প্রাক্তন ছাত্রকে তাঁর মায়ের চিকিৎসার জন্য ১০,০০০ টাকা দেওয়া হয়েছে।

**ছাত্রবৃত্তি প্রকল্প** : এই প্রকল্পে ১৯৬৮-৭১ ব্যাচের প্রাক্তনীরা গত ২০২০-২১ অর্থবর্ষে মোট ১,৯১,৫০১ টাকা online এর মাধ্যমে প্রাক্তনী সংসদের হাতে তুলে দিয়েছেন। এই প্রকল্পে এখনও পর্যন্ত তাঁরা মোট ৩৩,৫৫,১২০ টাকা প্রাক্তনী সংসদের হাতে তুলে দিয়েছেন। এ ছাড়া ১৯৭১-৭৪, ১৯৭৬-৭৯, ১৯৮৪-৮৬, ১৯৮৯-৯১, ২০০২-০৫, ২০০৫-০৮, ২০০৬-০৯ শিক্ষাবর্ষের প্রাক্তনীরা সম্মিলিতভাবে এবং অন্যান্য অনেক প্রাক্তনী ব্যক্তিগতভাবে এই প্রকল্পে তাঁদের সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছেন। এঁদের সকলকে সংসদের পক্ষ থেকে অভিনন্দন ও ধন্যবাদ জানাই।

**২০২০-২১ অর্থবর্ষে প্রদত্ত বিভিন্ন ছাত্রবৃত্তি অনুদানের বিবরণ দেওয়া হলো** : বিদ্যামন্দিরের বর্তমান ছাত্রদের ৫,৬৩,০০০ টাকা, বিদ্যামন্দিরের সদ্য প্রাক্তনী ও বিদ্যামন্দিরেরই স্নাতকোত্তর কোর্সে ভর্তির জন্য ৩৯,০০০ টাকা ও বিদ্যামন্দিরের বাইরের ছাত্র-ছাত্রীদের ১৮,০০০ টাকা অনুদান দেওয়া হয়। উপরোক্ত সব তহবিলের আয় থেকে প্রদত্ত ছাত্রবৃত্তির বিবরণ অন্যত্র দেওয়া হলো। এছাড়া বিদ্যামন্দিরের প্রথম বর্ষের ৬ জন ছাত্রকে মোট ৫৬,৭০০ টাকা দেওয়া হয়েছে।

**স্বামী তেজসানন্দ স্মারক বক্তৃতা** : ২০২০-২১ শিক্ষাবর্ষে অনুষ্ঠেয় এই বক্তৃতাটি এই বছর ১০ই এপ্রিল, ২০২১ তারিখে ভার্চুয়াল মিটে আয়োজিত হয়। বক্তৃতাটি প্রদান করেন অধ্যাপক প্রজিত কুমার পালিত। বিষয় ছিল "History of Pandemic : a Retrospective Narrative"। অধ্যাপক পালিতের তথ্য সমৃদ্ধ বক্তৃতায় সকলেই সন্তোষ প্রকাশ করেন।

**বিবেকানন্দ সম্মেলন** : ২০২০-২১ অর্থবর্ষের বিবেকানন্দ সম্মেলন করোনা পরিস্থিতির জন্য বাঁকুড়া জেলাতে ভার্চুয়াল মিটের মাধ্যমে অনুষ্ঠিত হয়। গত ১৫।০৫।২০২১, ১৬।০৫।২০২১ ও ১৭।০৫।২০২১ তারিখে বাঁকুড়া রামকৃষ্ণ মঠ এবং ঐ জেলার বিভিন্ন ভাবপ্রচার পরিষদের সহযোগিতায় তিনটি সাংস্কৃতিক প্রতিযোগিতা, বক্তৃতা, বিতর্ক ও ক্যুইজ-এর মাধ্যমে এবছরের সম্মেলন সাফল্যের সঙ্গে অনুষ্ঠিত হয়। এই সংখ্যায় পৃথক প্রতিবেদনে এ-সম্বন্ধে বিস্তারিত বিবরণ দেওয়া আছে।

**রানী রাসমণি স্মারক বক্তৃতা** : আগামী ২রা অক্টোবর, ২০২১ তারিখে এই স্মারক বক্তৃতাটি অনুষ্ঠিত হবে। এই সংখ্যায় প্রথম পাতায় পৃথকভাবে বিস্তারিত দেওয়া আছে।

**সেবামূলক জনসংযোগ কর্মসূচি** : এই সেবামূলক পানীয় জলের প্রকল্পটি ২০১৯-২০ সালে বীরভূম জেলাতে শুরু হয়েছে, কিন্তু দুর্ভাগ্যের বিষয় করোনা পরিস্থিতির জন্য শেষ করা সম্ভব হয়নি। আশা করা যায় খুব শীঘ্রই প্রকল্পের কাজ শেষ হয়ে যাবে।

**স্বামী তেজসানন্দ স্মারক পুরস্কার** : এই বছর বিদ্যামন্দিরের স্নাতকস্তরের তৃতীয় বর্ষের দুজন ছাত্রকে এই পুরস্কার দেওয়া হয়েছে। পুরস্কার প্রাপকদের নাম -- শ্রী অরুণাভ বেরা (প্রাণিবিদ্যা, তৃতীয় বর্ষ), শ্রী রাজা শর্মা দে (দর্শন, তৃতীয় বর্ষ)। এছাড়া স্নাতকোত্তর দ্বিতীয় বর্ষের শ্রী সুপ্রতীক মন্ডল (সংস্কৃত) ও শ্রী সৌম্যদীপ মন্ডল (ফলিত রসায়ন) কে এই পুরস্কার দেওয়া হয়েছে।

প্রাক্তনী সংসদের বিভিন্ন প্রকল্পের সঙ্গে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে যুক্ত প্রত্যেক প্রাক্তনী ও শুভানুধ্যায়ীকে সংসদের পক্ষ থেকে আন্তরিক অভিনন্দন ও কৃতজ্ঞতা জানাই।

—মনোজ কুমার ভট্টাচার্য্য, কর্মসচিব, প্রাক্তনী সংসদ

# NEWS FROM THE VIDYAMANDIRA
## (January 2021 to June 2021)

### 1) Seminars & Lectures:

**a) Memorial Lectures:** The following Memorial/Endowment lecture were organized during the period:

| Date | Memorial/Endowment Lecture | Topic | Speaker |
|---|---|---|---|
| 15-02-2021 | Debajyoti Bhowmick Memorial Lecture | Black Holes: The Road to Quantum Gravity | Dr. Sumanta Chakraborty, Indian Association for the Cultivation of Science (IACS) |
| 20-02-2021 | Sister Nivedita Memorial Lecture | Nature & Empire: A Study of the Mughal Empire | Dr. Debraj Chakraborty |
| 26-02-2021 | Swami Tathagatananda Memorial Lecture | Netaji's Ideals (নেতাজীর আদর্শ) | Prof. Sugata Bose, Harvard University |
| 26-02-2021 | Chhabi Chakraborty Memorial Lecture | Relevance of Reading Vedas in Modern Age | Prof. Didhiti Biswas Chakraborty, Calcutta University |
| 26-03-2021 | রামকৃষ্ণ মঠ ও রামকৃষ্ণ মিশনের প্রয়াত সহ-সঙ্ঘাধ্যক্ষ পূজনীয় স্বামী বাগীশানন্দজী মহারাজের স্মরণসভা | | Rev Swami Vimalatmanandaji Maharaj & Others |
| 10-04-2021 | Swami Tejasananda Memorial Lecture | History of Pandemic: A Retrospective Narrative | Prof. Projit Kr. Palit, Assam University |

**b) Special Lectures and Weekly Seminars:** Weekly & Departmental Seminars, Extension & Special lectures organized during the period are enlisted below:

| Date | Topic | Speaker |
|---|---|---|
| 24-12-2020 | How to lead a healthy & peaceful household life | Rev. Swami Divyanandaji, Secretary, RKM Saradapitha |
| 18-01-2021 | Elucidation and clarification on NPTEL Courses | Mr. Shib Shankar Das, IIT, Kharagpur |
| 18-01-2021 | Architecture of the Delhi Sultanate as reflected in its monuments | Tean Hussein, Aligarh Muslim University |
| 20-01-2021 | Modern Trends In Chemical Research : A few Glimpses | Prof. Anindya Datta, IIT Bombay<br>Prof. Indranil Chatterjee, IIT Ropar<br>Prof. Niladri Patra, IT (ISM) Dhanbad |
| 30-01-2021 | Journey of Physics: How to be a Physicis | Dr. Abhyuday Chatterjee, Université de Mons, Belgium |
| 30-01-2021 | Revisiting Gandhi in our Times<br>(A virtual book launching ceremony and Panel Discussion) | Swami Atmapriyanandaji Maharaj, RKMVERI<br>Tapan Kr. Chattopadhyay, C.U. |
| 04-02-2021 | Eye for Satire; The Democratic Edge of Popular Cartoons in Post-Colonial India, 1947-1977 | Sri Abhinandan Sarkar |
| 12-02-2021 | National Education Policy (NEP 2020) | Prof. Sourav Pal, Director, IISER, Kolkata<br>Prof. T. N. Pan, Visva Bharati University |
| 12-02-2021 | Down Syndromes: Risk & Recent Crisis | Dr. Sujay Ghosh, C.U. |
| 18-02-2021 | West Bengal Government Health Scheme | Sri Partha Karmakar, Deputy Secretary (Academic), West Bengal Board of Secondary Education |
| 19-02-2021 | Music On Canvas: *Ragachitras* from Murshidabad | Sri Ankan Purkait |
| 21-02-2021 | Antarjatik Matribhasha Dibas :<br>ভাষা সন্ত্রাস ও মাতৃ ভাষা | শ্রী সুশীল সাহা, লেখক ও প্রাবন্ধিক<br>শ্রী নিখিলেশ গুহ, প্রাক্তন অধ্যাপক, কল্যাণী বিশ্ববিদ্যালয় |
| 24-02-2021 | Futures of Learning | Prof. Marmar Mukhopadhyay |
| 25-02-2021 | জিভে প্রেম | Prof. Arindam Chakraborty |
| 27-02-2021 | উন্নয়নশীল দেশে অর্থনৈতিক সংকট ও পুঁজিনিবেশ | Prof. Sushanta Kr. Mallick, London University<br>Prof. Sabyasachi Kar, National Institute of Public Finance and Policy |
| 27-02-2021 | Webinar on: Effective Stress Management | Sudip Sinha, Passionate NLP-ICE Mind Trainer |
| 28-02-2021 | Interdisciplinary Science for Society | Prof. Bikramjit Basu, Indian Institute of Science, Bangalore |

| Date | Topic | Speaker |
|---|---|---|
| 01-03-2021 | Recent development in the application of peptides | Dr. Abhijit Saha, Hebrew University, Jerusalem, Israel<br>Dr. Kingshuk Basu, Ben-Gurion University of Negev, Beer-Sheva, Israel |
| 01-03-2021 | Meditation and Peace of Mind | Swami Viswadevanandaji, Ramakrishna Mission Home of Services, Varanasi |
| 01-05-2021 | The Significance of Foundation Day of Ramakrishna Mission and observance of May Day | Swami Tyagarupananda, Secretary, RKM Ashram, Malda<br>Dr. Indrashish Banerjee, IQAC Co-ordinator, RKMV |
| 01-05-2021 | Software Engineering as a Profession | Sri Ramanendu Chatterjee, Execution Head, Two PI Radian Infotech Private Limited |
| 09-05-2021 | "CAREER" of medical representative : WHERE SKY IS THE LIMIT | Mr. Santanu Mitra, Senior Zonal Sales Manager, Aquila Division Intas Pharmaceuticals Ltd. |
| 15-05-2021 | Long Road to Black Holes - From Mystery to Reality | Prof. Supratik Pal, ISI, Kolkata |
| 24-05-2021 | Philosophy of Man Language | Prof. Ranjana Mukherjee, Former Professor, RBU,<br>Prof. Devendra Nath Tiwari, Banaras Hindu University |
| 25-05-2021 | Philosophy of Man Language | Prof. Kumar Mitra, Former Professor, RBU<br>Swami Chandrakantananda, Monk, Ramakrishna Math |
| 05-06-2021 | Global Capitalism, Colonial Politics and Publicity: the Past and Present of Tea in South Asia | Prof. Andrew B. Liu, Villanova University<br>Dr. Prithwiraj Biswas, Ramakrishna Mission Vidyamandira<br>Prof. Sarah Besky, Cornell University<br>Dr. Debarati Sen, University of Houston<br>Prof. Erika Rappaport, University of California, Santa Barbara |
| 13-06-2021 | Why are the solutions of linear systems important in Numerical Mathematics? | Dr. Bankim C. Mandal, IIT Bhubaneswar |


*** All the above mentioned Seminars or Lectures were held online due to Covid-19.**

2) **Retirement:** The following Non-Teaching member of Vidyamandira family retired during this period: **Sri Manik Lal Sarkar** (Peon).


3) **Activities of NSS & NCC Wings of Vidyamandira:** **(a)** The NSS Wing of the College organized two Blood Donation Camps on 15-02-2021 & 20-04-2021. **(b)** The NSS Wing in collaboration with the IQAC, Vidyamandira and RKM Junior Basic School, Sargachhi has started an online free coaching programme which is being streamed live through You-tube for students of standards 3-8 from 26th May 2021 onwards. **(c)** The NSS Wing organized webinars on 18th& 22nd June 2021. **(d)** The NSS wing organised a 3 day 'Covid Awareness Workshop' during 18-20 June, 2021.

4) **Cultural Events:** **(a) Celebration of 35th National Youth Day:** It was celebrated on 12th January 2021 at Belurmath Students of Vidyamandira participated in the ceremony. **(b) Celebration of 125th Birth Anniversary of Netaji Subhash Chandra Bose:** It was celebrated on 23rd January 2021 at the College. Along with this a musical narration on the life & message of Netaji was composed and performed in the evening on Vidyamandira You-Tube Channel. **(c) Observance of 72nd Republic Day:** 72nd Republic Day was observed at College campus. **(d) Saraswati Puja, Rabindra Sangeet & Varsha Varana** were also celebrated within the College campus on different specific dates. **(e) Weekly cultural functions** were organised virtually by Vidyarthi Samsad on Saturdays.


5) **Outreach Activities:** **(a) 'Yaas' Relief:** Monastic members, students and staff-members participated in the relief activities carried out in districts of Howrah & South 24 Parganas post 'Yaas' disaster. **(b) 'Safe Home Project':** Monastic members, students and staff-members participated in the service activities undertaken by Ramakrishna Mission Saradapitha. **(c) 'Swami Vivekananda Research Centre'** has started an online Certificate Course on 'Life & Teaching of Swamiji' from 29th May 2021.




বিদ্যামন্দিরের এন্.এস.এস.-এর উদ্যোগে রক্তদান শিবির



প্রাক্তনী ডঃ উত্তম কুমার ঘোড়ইকে সংসদের সংবর্ধনা



ঠাকুর শ্রীরামকৃষ্ণের জন্মদিন উদযাপন

## প্রকাশনা সংবাদ

■ ১৫ মে ২০২১ শুভ অক্ষয় তৃতীয়ার দিন বিদ্যামন্দিরের উদ্যোগে প্রকাশিত হল **"স্মৃতিকথায় তথাগতানন্দ"**। সংঘাধ্যক্ষ শ্রীমৎ স্বামী স্মরণানন্দজীর আশীর্বাণী সমৃদ্ধ প্রায় ৩৭৫ পৃষ্ঠার এই সংকলনটিতে রয়েছে পূজ্যপাদ মহারাজের একটি পূর্ণাঙ্গ জীবনী এবং বিদ্যামন্দির (১৯৫৬-৬৫), দেওঘর বিদ্যাপীঠ, মাদ্রাজ স্টুডেন্টস হোম, বরানগর আশ্রম এবং নিউ ইয়র্ক বেদান্ত সোসাইটি (১৯৭৭-২০১৬)তে তাঁর বহু গুণমুগ্ধ সহকর্মী-সন্ন্যাসী, প্রাক্তন ছাত্র, ভক্ত-অনুরাগীদের মধ্যে ৬৪ জনের অন্তরঙ্গ স্মৃতিচারণা এবং বেশ কিছু দুষ্প্রাপ্য ছবি। সংরক্ষণযোগ্য এই সঙ্কলনটির সংগ্রহমূল্য ১০০ টাকা।

■ সম্প্রতি আমাদের হাতে এসেছে 'সুত্রধর' থেকে গত নভেম্বরে প্রকাশিত প্রাক্তনী শ্রীব্রজলাল ব্যানার্জির (১৯৫২ - ৫৪) লেখা অত্যন্ত সুখপাঠ্য দুটি বই-- 'জীবন এক অনন্ত যাত্রা' এবং 'স্মৃতির অবগুণ্ঠনে'। বিভিন্ন সময়ে প্রকাশিত কিছু প্রবন্ধ, নিজের জীবনকাহিনী, দেশ বিদেশে ভ্রমনের বিবরণ, দীর্ঘ কর্মজীবনের আকর্ষণীয় ও বিচিত্র অভিজ্ঞতা সংকলিত হয়েছে এই দুটি বই এর মধ্যে। সংক্ষেপে হলেও আলোচিত হয়েছে নানা আর্থ-সামাজিক বিষয়।

## বিবেকানন্দ সম্মেলন

বাঁকুড়া রামকৃষ্ণ মঠ এবং ঐ জেলার বিভিন্ন ভাবপ্রচার পরিষদের সহযোগিতায় বাঁকুড়া জেলায় এই বছরের বিবেকানন্দ সম্মেলন আন্তর্জাল সংযোগের মাধ্যমে অনুষ্ঠিত হয়ে গেল। এই উপলক্ষে ১০ মার্চ ২০২১ একটি অনলাইন যুব সম্মেলনের আয়োজন করা হয়। সর্বমোট ৩০৪ জন যুব-প্রতিনিধি এতে অংশগ্রহণ করে। এরপর ১৫-১৭ মে ২০২১ ক্রমান্বয়ে বক্তৃতা, বিতর্ক ও কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। সর্বমোট অংশগ্রহণকারীর সংখ্যা ছিল ৬৬। প্রত্যেক অংশগ্রহণকারীকে আন্তর্জাল সংযোগে শংসাপত্র পাঠানো হয়েছে। পুরস্কার বিজয়ীদের পরে বাঁকুড়া মঠে পুরস্কার পাঠিয়ে দেওয়া হবে। পরে একটি শিক্ষক-অভিভাবক সম্মেলন আয়োজনেরও পরিকল্পনা গৃহীত হয়েছে।

## সংসদের সেবাকার্য

গত ২৭ জুন ২০২১, রবিবার বিদ্যামন্দির প্রাক্তনী সংসদ দক্ষিণ চবিবশ পরগনা জেলার কাকদ্বীপ থেকে তিন কিলোমিটার দূরে নামখানা ব্লকের অন্তর্গত রাজনগর গ্রামে 'ইয়াস' পরবর্তী বিপর্যয়ে ত্রাণকার্য সম্পন্ন করেছে। বিদ্যামন্দিরের পক্ষ থেকে প্রিন্সিপাল মহারাজ স্বামী একচিত্তানন্দজী, দু'জন ছাত্র, প্রাক্তনী সংসদের পক্ষ থেকে ব্রতীন দাস, অভিজিৎ মাইতি এবং শিক্ষাকর্মী মৈনাক ঘোষ এই সেবাকাজে অংশ নিয়েছিলেন। মোট ২২০ জনকে ত্রাণসামগ্রী দেওয়া হয়েছে। ত্রাণসামগ্রীর মধ্যে ১৫ রকমের নিত্যপ্রয়োজনীয় সামগ্রী যেমন, ডাল, তেল, সাবান, সার্ফ, মশা মারার ধূপ ইত্যাদি ছিল। ত্রাণকাজ শেষ করে ঐ দিনই বিকেল পাঁচটার মধ্যে সকলে বিদ্যামন্দিরে ফিরে আসে।

## আনন্দ সংবাদ

■ ২৬ - ২৯ ডিসেম্বর, ২০২০তে আয়োজিত Indian Chemical Society-র ৫৭তম বার্ষিক অধিবেশনে বিদ্যামন্দিরের রসায়ন বিভাগের দ্বিতীয় বর্ষের ছাত্র শ্রী আকাশ গুপ্ত তার পোস্টার উপস্থাপনার জন্য চারজনের মধ্যে অন্যতম "Best Young Scientist" সম্মানে ভূষিত হয়েছেন। উল্লেখ্য, এই প্রথম স্নাতকস্তরের কোনো ছাত্র এ ধরণের সম্মান অর্জন করলেন। সর্বকনিষ্ঠ উপস্থাপক হিসাবে মাননীয় বিচারকদের কাছ থেকে তিনি অকুণ্ঠ প্রশংসা পান।

■ সম্প্রতি আই. আই. টি. মুম্বাই-এর গবেষক সংঘমিত্র চ্যাটার্জীর (প্রাক্তনী, শিক্ষাবর্ষ : ২০০৮-১১) একটি গবেষণাপত্র প্রকাশিত হয়েছে বিখ্যাত The American Institute of Physics-এর পত্রিকায়। তাঁর গবেষণার বিষয়বস্তু -- শ্বসন কণা (Respiratory Droplets) কোনো বস্তুতলের উপর পতিত হলে তার মুখ্য পরিমাণ বাষ্পীভূত (evaporate) হওয়ার পর যে পাতলা আস্তরণ (thin film) অবশিষ্ট থাকে তা অভেদ্য (impermeable) বস্তুর তুলনায় বহুরন্ধ্র (porous) বস্তুর উপর থেকে দ্রুততার সঙ্গে বাষ্পীভূত হয়। করোনা ভাইরাস কাঁচ, ইস্পাত, প্লাস্টিক ইত্যাদি অভেদ্য বস্তুর উপর যথাক্রমে ৪, ৭, ৭ দিন জীবিত থাকে। কিন্তু কাপড় কিংবা কাগজের উপর যথাক্রমে ২ দিন ও ৫ ঘন্টা জীবিত থাকে।

শ্রীমান আকাশের এবং শ্রী চ্যাটার্জীর কৃতিত্বে বিদ্যামন্দির পরিবার আনন্দিত ও গর্বিত।

■ বিদ্যামন্দিরের শিল্প ও ফলিত রসায়ন বিভাগের বিভাগীয় প্রধান ডঃ উত্তম কুমার ঘোড়ই এবং তাঁর অধীনে কর্মরত তিন ছাত্র গবেষক সৌরভ পাল, বিশ্বজিৎ ঘোড়ই ও আশাদুল আদলদার মিলে বাতাসের নাইট্রোজেন থেকে অ্যামোনিয়া তৈরীর নতুন ন্যানো অনুঘটক আবিষ্কার করলেন। ডঃ ঘোড়ই তাঁর গবেষণার ভারতীয় পেটেন্ট পেয়েছেন। এর ফলে অনেক কম খরচে প্রস্তুত অ্যামোনিয়ার সাহায্যে উন্নতমানের সার তৈরী করা সম্ভব, যা সার উৎপাদন শিল্পে ভারতের মত উন্নয়নশীল কৃষিভিত্তিক দেশগুলির অর্থনীতিতে উল্লেখযোগ্য অবদান রাখবে। ডঃ ঘোড়ই-এর নেতৃত্বে এই গবেষণাপত্র আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন গবেষণাপত্রিকা আমেরিকান কেমিক্যাল সোসাইটির 'ACS Nano'-তে প্রকাশিত হয়েছে। প্রাগতিক গবেষণার কাজে উল্লেখযোগ্য অবদানের জন্য ডঃ ঘোড়ই জাতীয় পুরস্কার পেয়েছেন।

**■ বিদ্যামন্দির প্রাক্তনী প্রয়াত ডঃ নির্মলেন্দু শাসমলের স্ত্রী ডঃ দীপ্তি শাসমল, গত ১৯ জুন ২০২১-এ বিদ্যামন্দিরের বর্তমান ছাত্র ও বিদ্যামন্দিরের বাইরের ছাত্রছাত্রীদের পড়াশুনার জন্য ছাত্রবৃত্তি তহবিলে মোট ২৫,০০,০০০.০০ (পঁচিশ লক্ষ) টাকা প্রাক্তনী সংসদের হাতে তুলে দিয়েছেন। এখনও পর্যন্ত সংসদের কাছে এটি সর্বোচ্চ একক অনুদান। তিনি NICED (ICMR) থেকে ডেপুটি ডিরেক্টর হিসাবে অবসর নিয়েছেন। তাঁর উদার মানসিকতা ও মহানুভবতার অনুদান ছাত্রছাত্রীদের পড়াশুনার ক্ষেত্রে প্রেরণা ও উৎসাহ জোগাবে। প্রাক্তনী সংসদের পক্ষ থেকে তাঁকে কৃতজ্ঞতা, শুভেচ্ছা ও অভিনন্দন।**

# DETAILS OF SCHOLARSHIPS AWARDED DURING 2020-2021

## SCHOLARSHIPS TO NON-VIDYAMANDIRA STUDENTS

| NAME | SUBJECT | AMOUNT (₹) | NOW STUDYING IN |
|---|---|---|---|
| **SWAMI ADISWARANANDA - SWAMI GOKULANANDA MEMORIAL SCHOLARSHIP** | | | |
| Tanmoy Pari | Botany (UG I) | 2,000.00 | Pingla Thana Mahavidyalaya |
| Avijit Samanta | Geography (UG I) | 2,000.00 | Pingla Thana Mahavidyalaya |
| Pieu Maiti | Bengali (UG I) | 2,000.00 | Pingla Thana Mahavidyalaya |
| Suvendu Mondal | Physics (UG I) | 2,000.00 | Pingla Thana Mahavidyalaya |
| Manojit Mondal | Zoology (UG I) | 2,000.00 | Pingla Thana Mahavidyalaya |
| Kuheli Maity | English (UG I) | 2,000.00 | Pingla Thana Mahavidyalaya |
| Shibasish Sarkar | Opthalmology (UG III) | 2,000.00 | Haldia Institute of Management |
| | **TOTAL** | **14,000.00** | |
| **SWAMI TATHAGATANANDA MEMORIAL SCHOLARSHIP** | | | |
| Soumen Maji | Mathematics (UG I) | 2,000.00 | Bangabasi College |
| Sanajit Giri | Botany (UG III) | 2,000.00 | R K M Vivekananda Centenary College |
| | **TOTAL** | **4,000.00** | |
| **SCHOLARSHIPS TO NON-VIDYAMANDIRA STUDENTS 18,000.00** | | | |


## SCHOLARSHIPS TO GRADUATED STUDENTS OF VIDYAMANDIRA

| NAME | SUBJECT | AMOUNT (₹) | NOW STUDYING IN |
|---|---|---|---|
| **HEMCHANDRA GANGOPADHYAY MEMORIAL SCHOLARSHIP** | | | |
| Atanu Dolui | B. Ed. (History) | 7,000.00 | Ramakrishna Mission Sikshanmandira |
| | **TOTAL** | **7,000.00** | |
| **GENERAL SCHOLARSHIP FROM 2002-05** | | | |
| Suvankar Mondal | Sanskrit (PG I) | 8,100.00 | For further admission in Vidyamandira |
| Souryadeep Kundu | Applied Chemistry (PG I) | 10,900.00 | For further admission in Vidyamandira |
| Tanmoy Kanji | Chemistry (PG I) | 13,000.00 | For admission in IIT, Ropar |
| | **TOTAL** | **32,000.00** | |
| **SCHOLARSHIPS TO EX-VIDYAMANDIRA STUDENTS 39,000.00** | | | |
| **LOAN TO RESEARCH SCHOLARS OF VIDYAMANDIRA** | | | |
| **1982-84 & 84-87 BATCH SCHOLARSHIP** | | | |
| Sourav Paul | Applied Chemistry | 60,000.00 | Ramakrishna Mission Vidyamandira |
| Souryadeep Kundu | Applied Chemistry | 40,000.00 | Ramakrishna Mission Vidyamandira |
| | **TOTAL** | **1,00,000.00** | |
| **FINANCIAL ASSISTANCE FOR ADMISSION TO VIDYAMANDIRA** | | | |
| **GENERAL SCHOLARSHIP FOR VIDYAMANDIRA** | | | |
| Subhendu Kisku | Political Science (UG I) | 8,000.00 | For new admission in Vidyamandira |
| Santalal Murmu | Philosophy (UG I) | 8,000.00 | For new admission in Vidyamandira |
| Chandi Saren | Biology (UG I) | 8,000.00 | For new admission in Vidyamandira |
| Arvind Nureti | Industrial Chemistry (UG I) | 10,900.00 | For new admission in Vidyamandira |
| Sunil Potai | Industrial Chemistry (UG I) | 10,900.00 | For new admission in Vidyamandira |
| Shivkumar Netam | Zoology | 10,900.00 | For new admission in Vidyamandira |
| | **TOTAL** | **56,700.00** | |
| **ASSISTANCE TO STUDENTS OF VIDYAMANDIRA 1,56,700.00** | | | |

## CONTRIBUTIONS TO THE ALUMNI ASSOCIATION FUNDS IN 2020-2021

| Name of the fund | No. of donors | AMOUNT (₹) |
|---|---|---|
| Swami Vimuktananda Swami Dhyanatmananda Memorial Scholarship Fund | 2 | 22,811.00 |
| Graduates of 71 Scholarship Fund | 26 | 1,91,501.00 |
| 1971-74 Batch Scholarship Fund | 10 | 59,000.00 |
| 1976-79 Batch Scholarship Fund | 16 | 1,81,000.00 |
| 1981-84 Graduate Batch Student Welfare Fund | 11 | 46,000.00 |
| General Scholarship from 2002-05 Batch | 33 | 1,37,002.00 |
| General Scholarship for students of Vidyamandira | 2 | 56,700.00 |
| Ananda Mohan Ghosh-Debasis Ghosh-Ahana Ghosh Medical Scholarship Fund | 1 | 20,000.00 |
| Bhupati Charan Panja Memorial Scholarship | 1 | 52,000.00 |
| Installation of Elevator Fund | 3 | 15,000.00 |
| Shanti Bhavan Reconstuction & Development Fund | 2 | 77,100.00 |
| Covid-19 Outbreak Relief Fund | 152 | 4,61,109.00 |
| Amphan Relief Fund | 23 | 90,872.00 |
| **TOTAL AMOUNT OF DONATION RECEIVED DURING 2020-21 :** | **282** | **14,10,095.00** |

## প্রয়াণ বার্তা



শ্রীমৎ স্বামী শিবময়ানন্দজী মহারাজ

গভীর দুঃখের সঙ্গে জানাচ্ছি যে, রামকৃষ্ণ মঠ ও রামকৃষ্ণ মিশনের অন্যতম সহ-সংঘাধ্যক্ষ পরম পূজনীয় শ্রীমৎ স্বামী শিবময়ানন্দজী (রণেন) মহারাজ গত ১১ জুন, ২০২১ দুরারোগ্য কোভিড-নিউমোনিয়া রোগে আক্রান্ত হয়ে রামকৃষ্ণ মিশন সেবাপ্রতিষ্ঠানে পার্থিব দেহ ত্যাগ করেছেন। তিরোধানকালে তাঁর বয়স হয়েছিল ৮৬ বছর। সেবাপর্বের একটি সুবিস্তীর্ণ অধ্যায় মহারাজ অতিবাহিত করেন বিদ্যামন্দিরে—প্রথমে উপাধ্যক্ষ (১৯৬৮ - ৭০), পরে অধ্যক্ষ (১৯৭০ - ৭২ ও ১৯৭৪ - ৮০) ও সবশেষে সম্পাদকের (১৯৯৫ - ৯৭) ভূমিকায়। বিদ্যামন্দিরে নকশাল আন্দোলনের সেই অস্থির, উৎকণ্ঠাময় দিনগুলিতে সার্বিক স্থিতিশীলতা ও শৃঙ্খলা রক্ষায় শিবময়ানন্দজীর অবদান সমকালীন প্রাক্তনীরা আজও গভীর কৃতজ্ঞতার সঙ্গে স্মরণ করেন। মহারাজের উৎসাহেই বিদ্যামন্দিরে কয়েক বছর বিরতির পর প্রাক্তন ছাত্র পুনর্মিলন উৎসবের পুনরায়োজনে গৃহীত হয় প্রাক্তনীদের 'পরিবারভুক্তির' একটি অর্থবহ পদক্ষেপ।

বিদ্যামন্দির ছাড়াও তিনি মিশনের সারগাছি ও কাটিহার কেন্দ্রে শিক্ষকতা, রহড়া বিবেকানন্দ শতবার্ষিকী কলেজে অধ্যক্ষতা এবং সেবা-প্রতিষ্ঠানে নিষ্ঠার সঙ্গে সেবা দান করেছেন। ১৯৯০ সালে মহারাজ রামকৃষ্ণ মঠের অছি পরিষদ এবং রামকৃষ্ণ মিশনের গভর্ণিং বডির সদস্য নির্বাচিত হন। ১৯৯২-এ তিনি এই দুই প্রতিষ্ঠানের সহ-সম্পাদক নির্বাচিত হন। দুই দশকেরও উপর তিনি বেলুড় মঠে রামকৃষ্ণ-বিবেকানন্দ-ভাব প্রচার পরিষদের আহ্বায়কের (Convenor) দায়িত্ব পালন করেছেন। বিভিন্ন সময়ে মঠের ত্রাণ কার্যেও সক্রিয়ভাবে অংশ নিয়েছেন। ২০১৭-তে সংঘের অন্যতম সহাধ্যক্ষ পদে বৃত হন। মহারাজ সংঘগুরুর আসনে অধিষ্ঠিত হবার পরেও প্রাক্তন ছাত্র-অধ্যাপকেরা ধন্য হয়েছেন তাঁর ব্যক্তিগত সংযোগের প্রসাদ ধারণে। তাঁর সান্নিধ্যে যাঁরা এসেছেন তাঁরা সকলেই মহারাজের সরল, সাহসী, পরোপকারী এবং অনাড়ম্বর জীবনের সঙ্গে পরিচিত হয়ে মুগ্ধ এবং ধন্য হয়েছেন। স্বাভাবিক ভাবেই বিদ্যামন্দির পরিবারের কাছে 'শিবস্বরূপ' শিবময়ানন্দজীর এই আকস্মিক লোকান্তরপ্রাপ্তি নির্মাণ করেছে এক সর্বগ্রাসী রিক্ততার আবহ।



সংসদের ছাত্রবৃত্তি তহবিলে ডঃ দীপ্তি শাসমলের ২৫ লক্ষ টাকা প্রদান



'ইয়াস'-পরবর্তী বিপর্যয়ে সংসদের ত্রাণকার্য

প্রাক্তনীবার্তা উপসমিতি ও সম্পাদকমন্ডলী

আহ্বায়ক ও প্রধান সম্পাদক ঃ সুশান্ত দে

সদস্যবৃন্দ ঃ নিত্যনিরঞ্জন কুন্ডু, তপন কুমার ঘোষ, স্বামী একচিত্তানন্দ, শুভেন্দু মজুমদার, গৌতম মুখোপাধ্যায় এবং মনোজ কুমার ভট্টাচার্য্য (কর্মসচিব)

PRINTED MATTER

BOOK POST

If undelivered, please return to :

Ramakrishna Mission Vidyamandira Alumni Association, P.O. : Belur Math, Howrah, West Bengal-711202

E-mail : alumnividyamandira@gmail.com ● Website : www.alumnividyamandira.in

Published by Manoj Kumar Bhattacharyya, Secretary, Ramakrishna Mission Vidyamandira Alumni Association

Printed at Soumen Traders Syndicate, Bally, Howrah, Ph. : 2654-3536